



তারিখ : ৩১ আষাঢ় ১৪২৭ ব.
১৫ জুলাই ২০২০ খ্রি.

স্মারক নম্বর: ০৫.৫০.১০০৬.০০০.১৪.০১১.২০- ১১১ (৫০)

জরুরি বিজ্ঞপ্তি

বিষয় : স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পবিত্র ঈদ-উল-আযহার নামাজের জামায়াত আদায় প্রসঙ্গে।

সূত্র : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সমন্বয় শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৪ জুলাই ২০২০ খ্রি. তারিখের
১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০-২২০ নং স্মারক।

বিশ্বব্যাপী করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে উন্মুক্ত স্থানে বড় পরিসরে ঈদের জামায়াত পরিহার করে জনস্বাস্থ্য বিবেচনায় স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশাবলি অনুসরণপূর্বক শর্তসাপেক্ষে ১৪৪১ হিজরি/২০২০ সালের পবিত্র ঈদ-উল-ফিতরের নামাজের জামায়াত খোলা মাঠ/ঈদগাহে আদায় না করে মসজিদে আদায় করা হয়। তারই ধারাবাহিকতায় কভিড-১৯ এর প্রাদুর্ভাব অপরিবর্তিত থাকায় আসন্ন ২০২০ (১৪৪১ হিজরী) খ্রিস্টাব্দের ঈদ-উল-আযহার নামাজ আদায় সংক্রান্ত বিষয় দেশের শীর্ষ স্থানীয় আলেম ওলেমাগণ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সাথে গত ১২ জুলাই ২০২০ খ্রি. তারিখ জুম ক্লাউড ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভার আয়োজন করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক জামাত অনুষ্ঠানের বিষয়ে জনস্বাস্থ্য বিবেচনায় স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ১৪৪১ হিজরি/২০২০ সালের পবিত্র ঈদ-উল-আযহা এর নামাজের জামায়াত মসজিদে আদায়ের জন্য আহ্বান জানানো হলো :

- ০১। বর্তমানে সারা বিশ্বসহ আমাদের দেশে করোনা ভাইরাস পরিস্থিতিজনিত ওজরের কারণে মুসল্লীদের জীবন ঝুঁকি বিবেচনা করে এবছর ঈদ-উল-আযহা ২০২০ (১৪৪১ হিজরী) এর জামায়াত ঈদগাহ বা খোলা জায়গার পরিবর্তে নিকটস্থ মসজিদে আদায় করতে হবে। প্রয়োজনে একই মসজিদে একাধিক জামায়াত আদায় করা যাবে;
- ০২। ঈদের নামাজের জামায়াতের সময় মসজিদে কাপেট বিছানো যাবে না। নামাজের পূর্বে সম্পূর্ণ মসজিদ জীবানুনাশক দ্বারা পরিষ্কার করতে হবে। মুসল্লীগণ প্রত্যেকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসবেন;
- ০৩। প্রত্যেককে নিজ নিজ বাসা থেকে ওয়ু করে মসজিদে আসতে হবে এবং ওজু করার সময় কমপক্ষে ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হবে;
- ০৪। করোনা ভাইরাস সংক্রমণ রোধ নিশ্চিতকল্পে মসজিদে ওয়ুর স্থানে সাবান/হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে;
- ০৫। মজসিদের প্রবেশদ্বারে হ্যান্ড স্যানিটাইজার/হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে;
- ০৬। ঈদের নামাজের জামায়াতে আগত মুসল্লীকে অবশ্যই মাস্ক পরে মসজিদে আসতে হবে। মসজিদে সংরক্ষিত জায়নামাজ ও টুপি ব্যবহার করা যাবে না;
- ০৭। ঈদের নামাজ আদায়ের সময় কাতারে দাড়ানোর ক্ষেত্রে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে দাড়াতে হবে এবং এক কাতার অন্তর অন্তর কাতার করতে হবে;
- ০৮। শিশু, বৃদ্ধ, যে কোন অসুস্থ ব্যক্তি এবং অসুস্থদের সেবায় নিয়োজিত ব্যক্তি ঈদের নামাজের জামায়াতে অংশগ্রহণ করবেন না;
- ০৯। সর্বসাধারণের সুরক্ষা নিশ্চিত কল্পে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনীর নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
- ১০। করোনা ভাইরাস সংক্রমণ রোধ কল্পে মসজিদে জামায়াত শেষে কোলাকুলি এবং পরস্কার হাত মেলানো পরিহার করতে হবে;
- ১১। করোনা ভাইরাস মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য পবিত্র ঈদ-উল-আযহার নামাজ শেষে মহান রাব্বুল আলামিনের দরবারে দোয়া করার জন্য খতিব ও ইমামগণকে অনুরোধ করা হলো;

- ১২। খতিব, ইমাম, মসজিদ পরিচালনা কমিটি ও স্থানীয় প্রশাসনকে বিষয়গুলো বাস্তবায়ন নিশ্চিত করার অনুরোধ করা হলো; এবং
- ১৩। পশু কোরবানীর ক্ষেত্রে মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।
- ০২। উল্লিখিত নির্দেশনা লংঘিত হলে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী সংশ্লিষ্ট দায়িত্বশীলদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবে। প্রাণঘাতী করোনা ভাইরাস সংক্রমণ রোধে স্থানীয় প্রশাসন, আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী, ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং মসজিদের পরিচালনা কমিটিকে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হলো।
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।



(এ.কে.এম. আব্দুল্লাহ বিন রশিদ)

উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট

এবং

সভাপতি

উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রমণ কমিটি

আদমদীঘি, বগুড়া

ফোন : ০৭৪১-৬৯২০০

ইমেইল : unoadamdighi@mopa.gov.bd

- ১। ইউপি সদস্য (সকল) ইউপি
আদমদীঘি, বগুড়া
- ২। কাউন্সিলর (সকল), সান্তাহার পৌরসভা, আদমদীঘি, বগুড়া
- ৩। সভাপতি/সম্পাদক..... ঈদগাহ কমিটি(সকল)
আদমদীঘি, বগুড়া
- ৪। সভাপতি/সম্পাদক..... মসজিদ কমিটি(সকল)
আদমদীঘি, বগুড়া

অনুলিপি কার্যার্থে (বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য)-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।
- ০২। মেয়র, সান্তাহার পৌরসভা, আদমদীঘি, বগুড়া।
- ০৩। অফিসার ইনচার্জ, আদমদীঘি থানা, বগুড়া।
- ০৪। চেয়ারম্যান, (সকল) ইউপি, আদমদীঘি, বগুড়া।
- ০৫। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, আদমদীঘি, বগুড়া। (তাকে বিষয়টি মনিটরিং নিশ্চিতকরণ এবং নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে-

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। জেলা প্রশাসক, বগুড়া।
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া